



দা যি ত্ব শী ল দে র দৈ নি ক

দেশ রূপান্তর

২৩-১২-২০২৪, পৃ.- অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির মর্যাদাপূর্ণ স্বীকৃতি লাভ এবং অ্যাম্বুল্যান্স সেবা চালু



সংগৃহীত ছবি

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসায় এবং অর্থনীতি অনুষদ কোনও শর্ত ছাড়াই
অ্যাক্রিডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস প্রোগ্রামস (ACBSP) 'এসিবিএসপি' এর দ্বারা
আগামী দশ বছরের জন্য স্বীকৃতি লাভ করেছে। গত অক্টোবর মাসে সংস্থাটির প্রতিনিধিদল
ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় পরিদর্শনে করে এবং সম্প্রতি এই স্বীকৃতির ঘোষণা দেয়।

এসিবিএসপি একটি মার্কিন যুক্তরাষ্ট্রের স্বীকৃতি সংস্থা যা কাউন্সিল ফর হায়ার এডুকেশন
অ্যাক্রিডিটেশন (CHEA) দ্বারা অনুমোদিত। এই স্বীকৃতির ফলে ব্যবসায় এবং অর্থনীতি
অনুষদের শিক্ষক, শিক্ষার্থী এবং তাদের অর্জিত ডিগ্রিগুলো আন্তর্জাতিকভাবে অনেক বেশী
গ্রহণযোগ্য হয়ে উঠবে। একইসাথে শিক্ষার্থীরা বিশ্বব্যাপী চাকরির বাজারে নিজেদের আরও
যোগ্য হিসেবে উপস্থাপন করতে পারবে।

এ ছাড়া ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি তাদের চিকিৎসা সেবা সম্প্রসারণের জন্য জরুরি
অ্যাম্বুল্যান্স সেবা চালু করেছে। রবিবার সকালে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রান্সিট বোর্ডের
পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন,
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমানের হাতে অ্যাম্বুল্যান্সের চাবি হস্তান্তর
করেন। এ সময় ট্রান্সিট বোর্ডের সদস্যব�ৃন্দ, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষসহ বিশ্ববিদ্যালয়ের
উর্ধ্বর্তন কর্মকর্তাগণ এবং মেডিক্যাল অফিসের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান উচ্ছাস প্রকাশ করে বলেছেন,
এসিবিএসপির স্বীকৃতি আমরা যে আন্তর্জাতিক মানের ব্যবসা শিক্ষা দেই তার সবচেয়ে বড়
প্রমাণ। এটি আমাদের ছাত্র এবং শিক্ষকদের জন্য নতুন সুযোগ সৃষ্টি এবং তাদের উৎসাহিত
করবে। আর অ্যাম্বুল্যান্স সার্ভিস চালু করাতে আমরা যে জরুরি স্বাস্থ্য সেবা নিশ্চিতে সচেষ্ট
আমাদের সেই অঙ্গীকারকে অর্থবহু করে তুলবে।